

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা-১০০০

www. bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৩-১০

২৪ বৈশাখ, ১৪২০  
তারিখ : -----  
০৭ মে, ২০১৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

ফরমালিন আমদানির ক্ষেত্রে শর্ত আরোপ করে  
আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ সংশোধন সংক্রান্ত এস.আর.ও নং-৭০-আইন/২০১৩ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ফরমালিন আমদানির ক্ষেত্রে শর্ত আরোপ করে ১৪/০৩/২০১৩ তারিখে জারীকৃত বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস.আর.ও নং-৭০-আইন/২০১৩ এর মাধ্যমে আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ সংশোধন করা হয়েছে, যার প্রতিলিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২৫০

সংযুক্তি: বর্ণনানুযায়ী।

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ১৬, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাক্ষর কর্তৃক

বাণিজ্য মন্ত্রণালয়

১৮৮৫-১৫

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ৩০ ফাল্গুন ১৪১৯ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০১৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ৭০-আইন/২০১৩।—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০১২—২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর—

(ক) অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৩৯) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩৯ক) সন্নিবেশিত হইবে, যথাঃ

“(৩৯ক) ফরমালিন—নিম্নবর্ণিত শর্তে ফরমালিন আমদানিযোগ্য হইবে, যথাঃ

(ক) বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে সকল প্রকার ফরমালিন আমদানি করিতে হইবে;

(খ) ফরমালিন আমদানিকারকগণকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশপত্রসহ বাণিজ্য মন্ত্রণালয়ের নিকট অনুমতির জন্য আবেদন করিতে হইবে;

(গ) ফরমালিন আমদানিকারকগণকে ফরমালিন ক্রেতাদের নিকট ফরমালিন বিক্রয়ের হিসাব রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে; এবং

(১৮২৭)

মূল্য : টাকা ৪.০০

- (ঘ) বাণিজ্য মন্ত্রণালয় বা সরকার কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষ, সময়ে সময়ে, আমদানিকারকগণের বিক্রয় রেজিস্টার পরীক্ষা করিয়া দেখিবে।”;
- (খ) পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকার কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেডিং নম্বর-১২.০৭ এবং উহার বিপরীতে কলাম-২ ও ৩ এর এন্ট্রিসমূহের পূর্বে কলাম-১ এ এইচ এস হেডিং নম্বর এবং উহার বিপরীতে কলাম-২ ও ৩ এ, যথাক্রমে, নিম্নরূপ এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :

০৩.০৬	সকল এইচ এস কোড	চিংড়িমাছ আমদানি নিষিদ্ধ
-------	----------------	--------------------------

রষ্ট্রপতির আদেশক্রমে

আবু সিদ্দিক সরদার  
উপ-সচিব।

সকলকে অবগত রাখা হইতেছে যে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে

সকলকে অবগত রাখা হইতেছে যে

সকলকে অবগত রাখা হইতেছে যে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

সকলকে অবগত রাখা হইতেছে

আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web.site: www.bgpress.gov.bd